

# প্রশিক্ষণ থেকে সংগৃহীত মতামতগুলো এখানে দেওয়া হলো:

“আপনারা আমাদেরকে যা দিয়েছেন, তা শুধুই প্রশিক্ষণ বা উপস্থাপনার চেয়ে বেশি কিছু। এটি ছিলো আমাদের কাজের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্রের উপর সত্যিই এক দারুণ অনুপ্রেরণামূলক মিথস্ক্রিয়া আর আলোচনা।”

“পুলিশিং কেমন হওয়া উচিত, আপনারা সে বিষয়টি সত্যিই আমাদেরকে নতুন করে মনে করিয়ে দিয়েছেন।”

“পারিবারিক সহিংসতার উপর ইতিপূর্বে আমাদের প্রশিক্ষণ নেওয়া থাকলেও এইক্ষেত্রে আমরা কী শিখতে পারছি, আমার কাছে সেটি বড় বিষয় নয়; বরং আমরা কী অনুভব করতে পারছি সেটিই হলো আসল ব্যাপার এবং সেটি আরো অনেক বেশি শক্তিশালী।”

“আমি জানি যে, আপনারদের সাথে হওয়া আমাদের মিথস্ক্রিয়ার ফলে পারিবারিক সহিংসতার শিকার কিছুসংখ্যক ব্যক্তিকে নিশ্চিতভাবেই গুরুতর বিপদ থেকে রক্ষা করা সম্ভব হবে। প্রশিক্ষণের একটি অংশ এতোটাই কৌতূহলোদ্দীপক ছিলো যে আমার কর্মজীবনের বাঁক সময়টা জুড়ে সেটি আমার মনে থাকবে।”

“মানুষ হিসেবে আমি আপনারদের দ্বারা কতটা প্রভাবিত হয়েছি, আমি কেবল সে বিষয়টিই বলতে চাচ্ছিলাম। আপনারা আজকে যা করলেন, সেটি নিশ্চিতভাবেই বিগত 17 বছরের কর্মজীবনে আমার পাওয়া সবচেয়ে

সেরা প্রশিক্ষণ। আপনারদের কাছ থেকে সত্যিকারের অভিজ্ঞতাগুলো শুনতে পাওয়াটা ছিলো  
কল্পনাতীত শক্তিশালী।”

## এখানে তুলে ধরা হলো:

“AAFDA-এর সাথে যোগাযোগ রক্ষা করাটা আমাদের জন্য কতটা উপকারী হয়েছে, সে কথাটিই এখানে নিশ্চিত করে বলতে চাই। আপনারদের সাহায্য ও সহায়তা না পেলে আরো কোন কোন প্রশ্নগুলো আমাদের করা উচিত, সে সম্পর্কে বিশদ উপলব্ধি লাভের পথে অগ্রগতি অর্জন আমাদের পক্ষে সম্ভব হতো না।”

“এই চিঠির জন্য আপনাকে অসংখ্য ধন্যবাদ, বিষয়টি আপনারা খুবই সংবেদনশীলতার সাথে বেশ বিস্তারিতভাবে লিখেছেন। এই উন্নয়ন ক্ষেত্রগুলো নিয়ে বিদ্রান্তি ছিলো এবং আপনারা সমস্ত বিকল্পগুলো স্পষ্টভাবে বর্ণনা করেছেন।”

“একদম সঠিক সময়ে AAFDA আমাদের সহায়তা করতে এগিয়ে এসেছিলো। তথ্য উদঘাটনের ক্ষেত্রে আইনগত অনুসন্ধানের উপযোগীতা অনুধাবন করা এবং সংযুক্ত হওয়ার ও অনুসন্ধানের পরিধিকে প্রভাবিত করার জন্য আমাদের সমর্থ করে তোলায় আপনারা যেভাবে সহায়তা করেছেন, তা আমাদের সবসময় মনে থাকবে।”

কীভাবে AAFDA আপনারদের সহায়তা করতে পারে, সে সম্পর্কে আরো জানার জন্য দয়া করে যোগাযোগ করুন।



P.O. Box 3636 Swindon SN3 9BG

T: 07887 488464

W: www.aafda.org.uk

E: help@aafda.org.uk

AAFDA LTD, Charity No 1185078, Company No 9527065  
registered in England & Wales

জুলিয়া ও উইল পেম্বারটন স্মরণে



ঝুঁকিপূর্ণ পারিবারিক সহিংসতা পরবর্তী পরামর্শ সেবা



www.aafda.org.uk 07887 488464  
help@aafda.org.uk

এখানে  
রয়েছে  
শোনার  
জন্য  
জানানোর  
জন্য পথ

সংগঠন

www.aafda.org.uk

T: 07887 488464

AAFDA-এর কর্মকাণ্ড সম্পর্কে  
পরিবারগুলোর মতামতগুলো

## প্রাণঘাতী পারিবারিক সহিংসতা পরবর্তী সময়ে পরিবারগুলোকে সহায়তার জন্য 2008 সালের এপ্রিলে সকলে মিলে গড়ে তুলি AAFDA

### AAFDA-এর উদ্দেশ্যগুলো কী কী?

- প্রাণঘাতী পারিবারিক সহিংসতা পরবর্তী সময়ে বেঁচে যাওয়া ব্যক্তিদের সহায়তা করা
- পারিবারিক সহিংসতা ও ঝুঁকির নিয়ামকগুলো সম্পর্কে কমিউনিটিতে সচেতনতা বৃদ্ধি করা
- পারিবারিক সহিংসতা প্রতিরোধে এজেন্সিগুলোকে কাজের মান বৃদ্ধিতে সাহায্য করা
- এই সকল প্রাণহানির ঘটনার ক্ষেত্রে হওয়া পর্যালোচনার ধরনের মানোন্নয়নে সহায়তা করা

## এই উদ্দেশ্যগুলো পূরণের জন্য

### আমরা:

#### শুনুন

সেই পরিবারগুলোর কথা, যারা প্রাণঘাতী পারিবারিক নির্যাতনের শিকার হয়েছেন। তাদের কথাগুলো শুনবে, এমন কোনো ব্যক্তির প্রয়োজন তারা প্রায়ই অনুভব করে থাকেন।

## বাস্তবধর্মী সহায়তা প্রদান করুন

নিচের বিষয়গুলোতে জানানো, সহায়তা, পরামর্শ প্রদান ও প্রস্তুত করার মাধ্যমে:

- পরিবারগুলোর ঘটনা ও সমস্যাগুলোর সারসংক্ষেপ করা বাস্তবধর্মী উদ্দেশ্যগুলো অর্জন এবং তা বাস্তবায়নে সহায়তা প্রদানের পরিকল্পনা তৈরিতে সহায়তা করা
- পরিবারগুলোর সাথে অংশীদার হিসেবে ও তাদের তরফ থেকে পরামর্শ প্রদান (যেমন, পরিষেবা প্রদানকারীদের সাথে)
- ফৌজদারি বিচার ব্যবস্থার প্রক্রিয়া, অন্যান্য পরিষেবার উপলভ্যতা ও গুরুত্বপূর্ণ তথ্যসমূহ
- পরিবারগুলোকে আদালতে (পারিবারিক আদালত ও মানসিক স্বাস্থ্য ট্রাইব্যুনাল যার মধ্যে অন্তর্ভুক্ত)
- পরিবারগুলোকে জানানোসহায়তা প্রদান [www.aafda.org.uk](http://www.aafda.org.uk)
- পরিবারগুলোকে আইনগত অনুসন্ধান ও অন্যান্য অনুসন্ধানগুলো সম্পর্কে উপলব্ধি অর্জনে ও সেগুলোতে অংশগ্রহণে সহায়তা করা
- উপযুক্ত ক্ষেত্রে অন্যান্য বিষয়াদিতেও সহায়তা করা

AAFDA বর্তমানে স্বরাষ্ট্র দপ্তরকে নির্দিষ্টভাবে  
পরিবার ও কমিউনিটির সাথে সম্পৃক্ততা রয়েছে,  
এমনসব হত্যার ঘটনার পর্যালোচনায় নীতিমালা  
প্রণয়নে সহায়তা করছে।

AAFDA একইসাথে

নিচের ক্ষেত্রগুলোর মধ্য দিয়ে প্রতিরোধমূলক কর্মেও  
জড়িত হয়ে থাকে:

### শিক্ষা

পারিবারিক সহিংসতা ও তার প্রভাবগুলো সম্পর্কে  
সচেতনতা বৃদ্ধি করা। প্রাথমিক পর্যায়ে নিরাপদ হস্তক্ষেপের  
সুযোগ বৃদ্ধি করা

### প্রশিক্ষণ প্রদান

বাধ্যতামূলক ও স্বৈচ্ছাসেবামূলক পেশাদারদের:

- পারিবারিক নির্যাতন রোধে তাদের সেবার মান বৃদ্ধি করার উদ্দেশ্যে
- পারিবারিক নির্যাতনের মাধ্যমে প্রিয়জন হারানো পরিবারগুলোর সাথে মিথস্ক্রিয়া করায় তাদের সহায়তা করার উদ্দেশ্যে
- হত্যার ক্ষেত্রে কার্যকরী পর্যালোচনা সম্পন্ন করার লক্ষ্যে